



কুয়েতে আইআরজিসির ৪ সদস্য আটক, তেহরান-কুয়েত উত্তেজনা



সংগৃহীত ছবি

সমুদ্রপথে কুয়েতে প্রবেশের চেষ্টার সময় চার ব্যক্তিকে আটক করেছে দেশটির নিরাপত্তা বাহিনী। কুয়েতের দাবি, আটক ব্যক্তিরা ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) সদস্য এবং তারা জিজ্ঞাসাবাদে নিজেদের পরিচয় স্বীকার করেছেন।

কুয়েতের রাষ্ট্রীয় বার্তা সংস্থা কুনা প্রকাশিত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, আটক চারজনের মধ্যে নৌবাহিনীর দুই কর্নেল, একজন ক্যাপ্টেন ও একজন লেফটেন্যান্ট কমান্ডার রয়েছেন। গত ১ মে একটি মাছ ধরার নৌকায় করে তারা বুবিয়ান দ্বীপে প্রবেশের চেষ্টা করেন বলে অভিযোগ করা হয়েছে।

কুয়েতি বাহিনীর সঙ্গে সংঘর্ষের সময় এক সেনাসদস্য আহত হন এবং আইআরজিসির আরও দুই সদস্য পালিয়ে যেতে সক্ষম হন বলে দাবি করেছে কর্তৃপক্ষ। পরে কুয়েত ইরানের রাষ্ট্রদূত মোহাম্মদ তুতুঞ্জিকে তলব করে আনুষ্ঠানিক প্রতিবাদ জানায় এবং ঘটনাটিকে দেশের সার্বভৌমত্বের ওপর আঘাত হিসেবে উল্লেখ করে।

তবে ইরান এসব অভিযোগ অস্বীকার করেছে। তেহরানের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, নৌ-নেভিগেশন ট্রাটির কারণে কর্মকর্তারা ভুলবশত কুয়েতের জলসীমায় প্রবেশ করেছিলেন। একই সঙ্গে তারা অভিযোগ করেছে, কুয়েত রাজনৈতিক উদ্দেশ্যে ঘটনাটি ব্যবহার করেছে।